আমি যা দেখছি তোমরা তা দেখছ না, আসমান চিৎকরে উঠছে, আর চিৎকার করাই তার জন্যে ঠিক আছে। তাতে চার আঙ্গুল পরিমাণ জায়গা এমন নেই যেখানে কোনো ফিরিশতা নিজের মাথা আল্লাহর জন্য সাজদার নিমিত্তে অবনত করে নি।

আবূ যার রাদিয়াল্লাহু আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “আমি যা দেখছি তোমরা তা দেখছ না, আসমান চিৎকরে উঠছে, আর চিৎকার করা তার জন্যে ঠিক আছে। তাতে চার আঙ্গুল পরিমাণ জায়গা এমন নেই যেখানে কোনো ফিরিশতা নিজের মাথা আল্লাহর জন্যে সাজদার নিমিত্তে
অবনত করে নি। আল্লাহর কসম, আমি যা জানি যদি তোমরা তা জানতে, অবশ্যই তোমরা কম হাসতে ও অনেক বেশি কাঁদতে, আর নারীদের নিয়ে বিছানায় আরাম করতে না, বরং উচ্চ স্বরে আল্লাহর
পানাহ চাইতে চাইতে টিলায় গিয়ে উঠতে। [হাসান লিগাইরিহী] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আমি এমন কিছু দেখছি ও জানি তোমরা যা দেখ না ও জান না। উটের পিঠে চড়লে যেমন শব্দ হয় আসমান তেমনই শব্দ করে উঠেছে। আর এই শব্দ করা তার জন্যে ঠিক আছে। কারণ, তাতে চার আঙ্গুল পরিমাণ জায়গা এমন নেই যেখানে কোনো ফিরিশতা নিজের মাথা আল্লাহর জন্যে সাজদার নিমিত্তে অবনত করে নি। আল্লাহর কসম, আমি আল্লাহর বড়ত্ব ও প্রতিশোধ গ্রহণ যেরূপ জানি তোমরা যদি সেরূপ জানতে, অবশ্যই তার শাসনের ভয়ে তোমরা কম হাসতে ও অনেক বেশি কাঁদতে, আর অধিক ভয়ের কারণে নারীদের নিয়ে বিছানায় আরাম করতে পারতে না, বরং উচ্চ স্বরে আল্লাহর পানাহ চাইতে চাইতে টিলায় গিয়ে উঠতে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3265